



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২ জুন ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

নতুন কুমার চাকমা ইউপিডিএফের সহসভাপতি মনোনীত

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য নতুন কুমার চাকমাকে দলের সহসভাপতি হিসেবে কো-অপ্ট করা হয়েছে।

আজ ২ জুন ২০২২, বৃহস্পতিবার ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

ইউপিডিএফের কেন্দ্রীয় কমিটির সদস্যরা (দগুর সম্পাদক আনন্দ প্রকাশ চাকমা বাদে, তিনি বর্তমানে কারাগারে আটক রয়েছেন) গঠনতন্ত্রের ১৫ নং ধারা মোতাবেক সর্বসম্মতিক্রমে নতুন কুমার চাকমাকে দলের সহসভাপতি পদে মনোনীত করেন বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

নতুন কুমার চাকমা কেন্দ্রীয় সদস্য হিসেবে দীর্ঘদিন ধরে পার্টির বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছেন। গত ২০১৮ সালের ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে খাগড়াছড়ি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।